**SAMPLE QUESTION PAPER**

# MARKING SCHEME

# SUBJECT – BENGALI

# ( বাংলা )

# CLASS XII

# SESSION - 2020 – 2021

# SUBJECT CODE : 105

Code No. 105

- Please check that this question paper contains 12 printed pages.

The Question Paper is divided into **two Parts**

PART- A : Objective Type Paper

PART- B : Descriptive Paper

**Marking Scheme**
**Class - XII (2020 - 21)**
**Subject – Bengali**

**সময়- ৩ ঘন্টা** **সর্বমোট অঙ্ক -৮০**
**Time: 3 Hrs.** **Maximum Marks: 80**

| Q. No. | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|

## PART A: Objective type paper

**1. বোধ পরীক্ষণ** থেকে নির্বাচনমূলক প্রশ্ন :( MCQ ) 2(1X5)=10

**(A) থেকে (C) -এর মধ্যে** যে কোনো **দুটি** অনুচ্ছেদ পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর।

**A.** a. i. একটি নাটক
b. iv. অনেকগুলি গান
c. i. জগদানন্দ রায়
d. ii. পাগল চরিত্রটির চেহারা দেখে ভয় পেয়ে
e. iii. বর্জন

B. a. i. প্লেগ
b. ii. সিস্টার নিবেদিতা
c. ii. মনুষ্যত্ববোধ

d. iii. সমাজের কল্যাণে সমাজের নীচুতলার,দরিদ্র মানুষের সাহায্যের হাত বাড়ানোর ঘটনাকে

e. ii. অপ + ঈক্ষা

C. a. iv. গুরু বিনোদবিহারী মুখোপাধ্যায়ের প্রতি
b. iii. সিগনেট প্রেসে চাকরি পাওয়া
c. i. জীবনানন্দ দাশের
d. ii. পথের পাঁচালী
e. iii. পড়িলেন

**2. বাগধারা/প্রবাদ** থেকে নির্বাচনমূলক প্রশ্ন :(MCQ) 1X5=5

(a) থেকে (f)-এর মধ্যে যে কোনো **পাঁচটি** প্রশ্নের সঠিক বিকল্প উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর।

a. ii. নগণ্য ব্যক্তি

b. iii. স্পষ্টবক্তা

c. i. অবাস্তব কাহিনী

d. iii. আপাত মধুর হলেও অন্তরে বিষ

e. ii. বিশৃঙ্খল

f. iii. অধীর আগ্রহে কোনো কিছুর প্রতীক্ষায় থাকা

**3. <u>গদ্য</u>** থেকে নির্বাচনমূলক প্রশ্ন: (MCQ) 1X10=10

(a) থেকে (k)-এর মধ্যে যে কোনো **দশটি** প্রশ্নের সঠিক বিকল্প উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর ।

a. ii. শীত

b. iii. গ্রামে বিদ্যুৎ নেই

c. iii. বড় একটা সমস্যার সঙ্গে তার সংঘর্ষ হয়েছে

d. i. চোখ থেকেও লোকেরা প্রকৃত সত্যকে দেখতে পাচ্ছিল না

e. iii. মৃত্যুঞ্জয় আদর্শবাদের কল্পনা-তাপস

f. iii. বচন

g. ii. অবজ্ঞা ও ঈর্ষা

h. i. দরিদ্র, অসহায় ভারতমাতা ও ধর্মনিরপেক্ষ-অখণ্ড দেশ হল ভারতবর্ষ

i. iii. প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়

j. iv. ভটচাজমশাই

k. iii. অনাহারী মানুষের সঙ্গে কথা বলা

**4. কবিতা** থেকে নির্বাচনমূলক প্রশ্ন: (MCQ) 1X5=5

(a) থেকে (f)-এর মধ্যে যে কোনো **পাঁচটি** প্রশ্নের সঠিক বিকল্প উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর।

a. iii. 'অঙ্গুরী তোর হিরণ্য জল'
b. iv. ক্রোধ

c. iii. আরোগ্য লাভের জন্য

d. i. লেখালেখি করাকে

e. ii. জঙ্গলে

f. i. কবির স্বদেশ

**5. নাটক** থেকে নির্বাচনমূলক প্রশ্ন: (MCQ) 1X5=5

(a) থেকে (f)-এর মধ্যে যে কোনো **পাঁচটি** প্রশ্নের সঠিক বিকল্প উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর ।
a. iii. দ্য সোয়ান সঙ্

b. i. ঔরঙ্গজেব

c. iv. ময়লা পাজামা

d. iii. একটি টুল

e. ii. মনমোহন রায়

f. ii. রিচার্ড দ্য থার্ড

**6. সহায়ক পাঠ** থেকে নির্বাচনমূলক প্রশ্ন: (MCQ) 1X5=5

(a) থেকে (f)-এর মধ্যে যে কোনো **পাঁচটি** প্রশ্নের সঠিক বিকল্প উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর ।

a. ii. উত্তরবঙ্গে

b. i. বক্সার জেলের বালক অপরাধীরা

c. iii. গ্রামের মহাজন

d. i. শনির মতো তার কুদৃষ্টিতে গরিব প্রজারা তাদের ফসল হারিয়ে সর্বস্বান্ত হত ব'লে

e. iii. একটি জমিদারি আইন

f. i. দু'হাত পেছনে বাঁধা

## PART B: Descriptive paper

## Grammar

**7.** ধ্বনিবিজ্ঞানের যে-কোনো **একটি** রীতির দুটি উদাহরণ সহ সংজ্ঞা। 3+2=5

- শুধু সংজ্ঞাটিকে ঠিকভাবে লিখলে 3 নম্বর।
- উৎস শব্দটিকে পাশে রেখে উদাহরণ দিলে অর্থাৎ উচ্চারণ পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণের জন্য 1 নম্বর। যেমন : অপিনিহিতি – 'দেখিয়া'> 'দেইখ্যা' । কিনতু সংশ্লিষ্ট রীতি প্রভাবিত শব্দটির উল্লেখ করলে 0.5 নম্বর। যেমন: অপিনিহিতি- 'দেইখ্যা'।

**8.** অলঙ্কারের উদাহরণ সহ সংজ্ঞা। (যে -কোনো **একটি**) 3+2=5

a) অনুপ্রাস b) যমক

- সংজ্ঞার জন্য 3 নম্বর। উদাহরণের জন্য 1.5 নম্বর এবং সংজ্ঞার সঙ্গে উদাহরণের যোগ স্থাপনের জন্য 0.5 নম্বর।

**অথবা**

সংজ্ঞা সহ অলঙ্কার নির্ণয়।

(a), (b) ও (c)-এর মধ্যে যে -কোনো **একটির** উত্তর দিতে হবে।

- মূল অলঙ্কারের নাম উল্লেখ করলেই 3 নম্বর।
- শুধু সংজ্ঞা 1.5 নম্বর এবং সংজ্ঞাকে যুক্তিযুক্ত করতে পারলে পুরো 2 নম্বর।

<u>উত্তর সংকেত</u>:

a) অনুপ্রাস

b) যমক

c) যমক

**9.** বাগধারা/প্রবাদ (যে কোনো <u>**একটি)**</u> 2x1=2

- অর্থ লিখে বাক্য রচনা। 2 নম্বর।
- অর্থ ঠিক , কিনতু বাক্য ভুল – 1 নম্বর।
- অর্থ ঠিক, বাক্যও ঠিক কিনতু স্বয়ংসম্পূর্ণ নয়( যেমন: 'সে ডুমুরের ফুল হয়ে গেছে') 2 নম্বর
- অর্থের কোনো উল্লেখ নেই, বাক্যও স্বয়ংসম্পূর্ণ নয়- 1 নম্বর
- অর্থের উল্লেখ নেই, বাক্য স্বয়ংসম্পূর্ণ – 1.5 নম্বর

**Supplementary Reader/ Non-detailed text**

**10**. **গদ্য** থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন: 1+1+3=5

“ভূরিভোজনটা অন্যায়, কিনতু না খেয়ে মরাটা উচিত নয় ভাই।”–

উত্তর সংকেত

a) বক্তা হল **নিখিল**। 1 নম্বর।

b) মৃত্যুঞ্জয় যখন মাইনের সমস্ত টাকাটা রিলিফ ফান্ডে দিয়ে দিতে ইচ্ছে প্রকাশ করে, তখন তার সহকর্মী নিখিল বন্ধুর পরিবারের প্রতি সহানুভূতিশীল ছিল বলে সে তাকে বোঝাতে চায় যে, নিজে না বাঁচলে, অপরকে বাঁচানো যায় না। নিজের জন্য যতটুকু প্রয়োজন ততটুকু রেখে বাকিটা দান করার কথা বলে। 1 নম্বর।

c) বক্তা **বাস্তববাদী** – একার পক্ষে সামাজিক সমস্যা দূর করা সম্ভব নয়, তা নিখিল বোঝে। **যুক্তিবাদী** – বহু ক্ষুধার্ত মানুষের মধ্যে কয়েকজনকে বাঁচানোর চেষ্টা সান্ত্বনা মাত্র– এই সত্য সম্পর্কে সে অবগত। **সহানুভূতিশীল** কিনতু মৃত্যুঞ্জয়ের মতো অন্ধ নয়, নিজের ক্ষমতা সম্পর্কে ওয়াকিবহাল অর্থাৎ **ওজন বুঝে চলে** । [গুছিয়ে লিখলে 2 থেকে 3 নম্বর]

**অথবা**

“তোরা মর্, তোদের শতগুষ্টি মরুক।”–

উত্তর সংকেত

a) ‘ভারতবর্ষ’ গল্পে এক **ভিখারিনি বুড়ি।** (1/2 + 1/2 =1) নম্বর।

b) রাঢ়বাংলার এক বাজারে চায়ের দোকানে আড্ডারত-কৌতূহলী গ্রামবাসীদের উদ্দেশে তিনি এই কথা বলেন। 1 নম্বর।

c) পৌষমাসের অকাল দুর্যোগের মধ্যে বৃষ্টিতে ভিজতে ভিজতে বুড়ি চায়ের দোকানে এলে তাকে দেখে সবাই অবাক হয়। তারপর বুড়ি চা খেয়ে সবার মুখের দিকে তাকালে একজন জানতে চায় বুড়ি কোথা থেকে এসেছে! তাদের সেকথা জেনে কাজ

নেই – বুড়ির এই উত্তর শুনে সবাই হেসে ওঠে এবং বুড়িকে ব্যঙ্গ করে টাট্টু ঘোড়ার সঙ্গে তুলনা করে। বৃদ্ধা ভিখারিনি রেগে গিয়ে তাদের বাবার নাম নিয়ে গালাগালি দেয়। আজেবাজে কথা বলার জন্য সবাইকে হুঁশিয়ারও করে দেয়। একজন, বুড়ির বাসস্থানের বিষয়ে ঠাণ্ডা মাথায় জানতে চাইলে বুড়ি জানায় তার বাসের জায়গা হল তাদের মাথায়। চায়ের দাম মিটিয়ে বুড়ি রাস্তায় নামলে দোকানের লোকেরা চিৎকার করে বলে, বুড়িটা নিশ্চয়ই মরবে।–একথা শুনে ঘুরে দাঁড়িয়ে বুড়ি উদ্ধৃত উক্তিটি করে। [গুছিয়ে লিখলে 2 থেকে 3 নম্বর]

**11. কবিতা** থেকে পংক্তি তুলে প্রশ্ন: 3

"শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়"– মন্তব্যটির অন্তর্নিহিত অর্থ

'আমি দেখি', কবিতায় শক্তি চট্টোপাধ্যায় 'শহরের অসুখ' বলতে শহরে সবুজের অভাবকে বুঝিয়েছেন. নগরায়ন, শিল্পায়নের কারণে শহরে নির্বিচারে গাছ কেটে ফেলে সবুজের অনটন ঘটানো হচ্ছে । নাগরিক সভ্যতার বিকাশের শর্ত মেনেই কংক্রিটের জঙ্গলে সবুজকে বিদায় নিতে হয়। শহুরে সভ্যতা গ্রাস করে সবুজকে। – [গুছিয়ে লিখলে 2 থেকে 3 নম্বর]

**অথবা**

"আমার বিবেক, আমার বারুদ

বিস্ফোরণের আগে।" – কবির বক্তব্য বুঝিয়ে লেখ।

উত্তর সংকেত:

'ক্রন্দনরতা জননীর পাশে' কবিতায় কবি মৃদুল দাশগুপ্তের মানসিকতা এখানে প্রকাশিত. চারিদিকে অন্যায় , নারী নির্যাতন ইত্যাদি দেখে তিনি যন্ত্রণায় ক্ষতবিক্ষত. এই পরিস্থিতিতে তিনি ঈশ্বরের বিচারের আশায় বসে থাকতে পারবেন না , তাঁর কবিতার মাধ্যমে তিনি এর প্রতিবাদ করবেন। কবিতার মাধ্যমে নিজের বিবেককে জাগিয়ে রাখেন। এই জাগরণে মানবতা, আবেগ মিশে থাকে আর তার কাঠামোয় থাকে রাজনীতি। কবির বিবেক আসলে বারুদের মতো, তাকে কবি মজুত করে রাখেন বিস্ফোরণের পূর্ব-প্রস্তুতি হিসাবে। [এটা গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর]

12. **নাটক** থেকে পংক্তি তুলে প্রশ্ন: 2+3=5

"তুমি থিয়েটারওয়ালা- একটা নকলনবীশ –একটা অস্পৃশ্য ভাঁড়,"-

<u>উত্তর সংকেত</u>:

a) অভিনেতা রজনীকান্ত চট্টোপাধ্যায়ের অভিনয়ে মুগ্ধ বড়লোকের এক সুন্দরী মেয়ের সঙ্গে তাঁর ভালোবাসার সম্পর্ক গড়ে ওঠে , কিন্তু বিয়ে করার শর্ত হিসেবে মেয়েটি তাঁকে নাটকে অভিনয় করা ছাড়তে বলেছিল, তখনই রজনীবাবু জীবনে চরম দুঃখ পান ও তাঁর এই উপলব্ধি হয়।

b) বক্তা রজনী বাবু ব্রাহ্মণ বংশের সন্তান হয়ে এবং পুলিশের চাকরিতে ইস্তফা দিয়ে শুধুমাত্র নাটককে ভালোবেসে অভিনয় জগতে এসেছিলেন. অভিনয় জীবনের অন্তিম লগ্নে এসে তিনি উপলব্ধি করেন কে মানুষকে আনন্দ দেওয়াই অভিনেতার একমাত্র কাজ , দর্শক তাদের সঙ্গে গল্প করতে পারবে , চা খাবে, কিন্তু কোন সামাজিক সম্মান তাঁকে দেবে না।

**অথবা**

"আপনার প্রতিভা এখনও মরে নি চাটুজ্জেমশাই।"-

a) ' নানা রঙের দিন ' - নাটকে প্রম্পটার কালীনাথ সেন প্রবীণ অভিনেতা রজনী কান্ত চট্টোপাধ্যায়ের প্রতি এই উক্তি করেছেন।

b) ফাঁকা প্রেক্ষাগৃহে, রজনী বাবু যখন অতীতে তাঁর অভিনীত বিখ্যাত চরিত্র বা বিশেষ দৃশ্যগুলি, যেমন 'সাজাহান' নাটকে ঔরঙ্গজীবের সিনটা বা নানান উল্লেখযোগ্য সংলাপ নির্ভুলভাবে বলে অভিনয় করতে থাকেন তখন কালীনাথ তাঁকে এ কথা বলে–
– রজনী বাবুর মানসিকতা এখানে গুছিয়ে লিখতে হবে।

13. পাঠ্য **আন্তর্জাতিক কবিতা** থেকে পংক্তি তুলে প্রশ্ন: 1+3=4

"জয়তোরণে ঠাসা মহনীয় রোম
বানাল কে?"-

<u>উত্তর সংকেত</u>:

a) বের্টোল্ট ব্রেখট–এর লেখা , শঙ্খ ঘোষ অনূদিত ‘ পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন’ কবিতার অংশ।

b) ইতিহাসের পাতায় মজুর শ্রেনীর মানুষেরা খুবই অবহেলিত। তাদের অবদানের কথা কোথাও স্বীকার করা হয়নি । ক্ষমতাবানদের হাতে তৈরি হয় প্রথাগত ইতিহাস, তাই সেখানে ক্ষমতাভোগীদের জয় ঘোষণা করা হয়। কিনতু প্রচলিত ইতিহাসের বাইরে থাকে আরেক ইতিহাস–যা তৈরি করে সভ্যতার প্রকৃত নির্মাতারা। রোম সাম্রাজ্যের আধিপত্য বিস্তারের পিছনেও ছিল সাধারণ মানুষের গুরুত্বপূর্ণ ভূমিকা –একথা বোঝানোর প্রসঙ্গে উদ্ধৃত উক্তিটির অবতারণা। – এটাই গুছিয়ে লিখতে হবে।

**অথবা**

. “কে জিতেছিল? একলা সে?”–

a) দ্বিতীয় ফ্রেডারিক সম্বন্ধে এ কথা বলা হয়েছে।

b) দ্বিতীয় ফ্রেডারিককে তাঁর সাম্রাজ্য অক্ষুন্ন রাখার জন্য বারবার যুদ্ধ করতে হয়েছে। সাত বছর ধরে একটি যুদ্ধে জয়লাভ করেছিলেন তিনি কিন্তু তাঁর সঙ্গে যে সকল সৈন্য–সামন্ত যুদ্ধে সাহায্য করেছিল, অথবা মৃত্যুবরণ করেছিল, তাদের কথা ইতিহাসের পাতায় কোথাও লেখা নেই। -- এই কথাই গুছিয়ে লিখতে হবে।

**14**. **‘আমার বাংলা**’ গ্রন্থ থেকে পংক্তি তুলে প্রশ্ন: 2

“..চেংমানের মাথায় আকাশ ভেঙে পড়ে।”–

<u>উত্তর সংকেত</u>:

‘ছাতির বদলে হাতি’ গল্পে চেংমান. নামে এক গারো চাষী মনমোহন মহাজনের কাছ থেকে ঝড় বৃষ্টির রাতে একটি ছাতা ধার নিয়েছিল। পরবর্তীকালে মনমোহন মহাজন সেই ছাতার দাম বাবদ সেই কয়েক বছরে চক্রবৃদ্ধি হারে সুদসমেত প্রায় হাজার খানেক টাকা করে বসে, যা প্রায় একটা হাতির দামের সমান। তখন তার মাথায় আকাশ ভেঙে পড়ে।

**অথবা**

“যেন রাবণের চিতা- জ্বলছে তো জ্বলছেই।”-

চৈত্র মাসে গারো পাহাড়ের নিচে জঙ্গলে শুকনো ঝোপঝাড়ে গারো পাহাড়ের বাসিন্দারা যে আগুন লাগায় তাকে ‘রাবণের চিতা’ বলা হয়েছে। রামায়ণে আছে, রামচন্দ্রের হাতে রাবণের মৃত্যু হলেও রাবণের স্ত্রী মন্দোদরী বিধবা হন নি কারণ রাবণের চিতার আগুন কখনো নেভে নি। গারো পাহাড়ের নিচের জঙ্গলের আগুনও যেন জ্বলতেই থাকত, কখনো নিভতে চাইত না। তাই তাকে ‘রাবণের চিতা’ বলা হয়েছে।

## Creative Writing

**15.** প্রতিবেদন পড়ে প্রশ্নোত্তর। 2+2=4

a) শিরোনাম- প্রতিবেদনের মূল বিষয়টি কয়েকটি শব্দের মধ্যে উল্লেখ করতে পারলে 2 নম্বর দেওয়া হবে। (সংকেত: প্রকৃতি: সভ্যতার জিয়নকাঠি/ প্রকৃতি ও সভ্যতা)

b) মানবসভ্যতার যাবতীয় জরুরি জিনিস যেহেতু প্রকৃতি থেকেই আসে, তাই প্রকৃতিকে বাঁচাতে হবে আর বৈজ্ঞানিক ও বাস্তবসম্মত পদ্ধতিতে প্রকৃতি তথা পরিবেশ দূষণ কমাতে পারলেই সভ্যতা বাঁচবে। পরিবেশবিজ্ঞানীদের মতে, বর্তমান প্রকৃতির সব থেকে বড় বিপদ কার্বন দূষণ ও উষ্ণায়ন, যা কমানো অত্যন্ত জরুরি হয়ে পড়েছে।

**16.** পত্র লিখন: বাবাকে অথবা বন্ধুকে 2+3=5

- চিঠির বিষয়বস্তুর জন্য 3 নম্বর।
- অবয়ব সংস্থানে তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান, সম্বোধন ও সমাপ্তি সূচক পদ থাকবে। পত্রের শেষে স্বতন্ত্রভাবে প্রাপকের নাম, ঠিকানা থাকলে পুরো 2 নম্বর দেওয়া হবে।